## 3 (Sem–4/CBCS) BEN HC 2

## 2022

### BENGALI

Paper : BEN–HC–4026

( Honours Core )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) ‘‘নমি আমি, কবি-গুরু, তব পদাম্বুজে,’’ এখানে ‘কবি-গুরু’ বলতে কাকে নির্দেশ করা হয়েছে?

(খ) ‘মেঘনাদবধ কাব্য’-এর চতুর্থ সর্গের নাম কী?

(গ) রাম-সীতাকে ছলনা করার জন্য কে সোনার হরিণের ছদ্মবেশ ধারণ করেছিল?

(ঘ) ‘‘শরানলে শূর-শ্রেষ্ঠ ভস্মিলা শার্দ্দুলে।’’ ‘শার্দ্দুল’ শব্দের অর্থ কী?

(ঙ) ‘‘সংসারোদ্যানে আরও অনেক ফল ফলে, তন্মধ্যে সর্বাপেক্ষা অকর্ম্মণ্য, কদর্য্য টক—______।’’ (শূন্যস্থান পূরণ করো)

(চ) ‘মনুষ্য ফল’ রচনায় অধ্যাপক ব্রাহ্মণদের কোন্ ফলের সঙ্গে তুলনা করা হয়েছে?

(ছ) ‘মনুষ্য ফল’ রচনায় স্ত্রীলোকের রূপের সঙ্গে নারকেলের কোন্ অঙ্গের তুলনা করা হয়েছে?

(জ) "...আমি যদি নেপোলিয়ন্ হইতাম, তবে ওয়াটার্লু জিতিতে পারিতাম কি না।" বক্তা কে?

(ঝ) বারোইয়ারির অধ্যক্ষ বীরকৃষ্ণ দাঁই কোন্ জেলার লোক?

(ঞ) কোম্পানির বাংলা দখলের পর যাঁর ফাঁসি হয়েছিল তিনি হলেন নন্দকুমার/ক্ষুদিরাম/জগৎশেঠ।

(শুদ্ধ উত্তরটি লেখো)

(ট) শান্তিপুরের বারোইয়ারির প্রতিমার উচ্চতা ছিল পঞ্চাশ হাত/ষাট হাত/সত্তর হাত।

(শুদ্ধ উত্তরটি লেখো)

(ঠ) মানকুমারী বসুর 'মৃত্যু-সুহৃৎ' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ড) "সহসা মানস-তামস ——, / বিকশিল এক নতুন আলো;"

(শূন্যস্থান পূরণ করো)

(ঢ) "বিমল সলিলা নদী মন্দাকিনী," মন্দাকিনী নদীটি কোথায় অবস্থিত?

(ণ) "সারি দিয়া মরালীরা ভাসিছে তুলিয়া গ্রীবা," 'মরালী' কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো **পাঁচটি**) : ২×৫=১০

(ক) "এই কথা শুনি আইনু পূজিতে / পা দুখানি।" বক্তা কে? কাকে তিনি পুজো করতে এসেছেন?

(খ) বালী কে? তাঁকে কে হত্যা করেন?

(গ) "চমকিলা সৌমিত্রি কেশরী" এখানে কার কথা নির্দেশ করা হয়েছে? তিনি কেন চমকে উঠলেন?

(ঘ) কে কমলাকান্তকে দুধ দিয়ে যেত? তার গাভীটির নাম কী?





(ঙ) "তোমার কথাগুলি ভারি সোশিয়ালিষ্টিক্!" কে, কাকে উদ্দেশ্য করে কথাটা বলেছেন?

(চ) "আজকাল সহরের ইংরাজি কেতার বাবুরা দুটি দল হয়েছেন।" দল দুটির নাম লেখো।

(ছ) কবি বিহারীলাল চক্রবর্তীর জন্ম ও মৃত্যু সাল উল্লেখ করো।

(জ) 'মৃত্যু-সুহৃৎ' কবিতায় উল্লিখিত দুটি ঋতুর নাম লেখো।

৩। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) "আহা মরি, সুবর্ণ দেউটী / তুলসীর মূলে যেন জ্বলিল, উজলি / দশ দিশ!" তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) 'মেঘনাদবধ কাব্য'-এর চতুর্থ সর্গের অনুসরণে জটায়ুর ভূমিকা সম্পর্কে আলোচনা করো।

(গ) "দেখ, শয্যাশায়ী মনুষ্য! ধর্ম্ম কি? পরোপকারই পরম ধর্ম্ম।" সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

(ঘ) "তেলা মাথায় তেল দেওয়া মনুষ্যজাতির রোগ—" বক্তা কে? একথা বলার কারণ কী?

(ঙ) "জেলে বল্লে 'মশাই! এর দাম বিশ ঘা জুতো'!" জেলের একথা বলার কারণ কী? ঘটনাটি লেখো।

(চ) "পূর্ব্বে মেদিনীপুর অঞ্চলে বৈষ্ণব তন্ত্রের গুরুপ্রসাদী প্রথা প্রচলিত ছিল।" এই গুরুপ্রসাদী প্রথা সম্পর্কিত 'হুতোম প্যাঁচার নক্‌শা'য় যে ঘটনার বিবরণ পাওয়া যায় তা লিপিবদ্ধ করো।

(ছ) "সে আমার কাছে কাছে, / দিন রাত সদা আছে, / পরাণে বেঁধেছি পাছে ফেলে চ'লে যায়, / তার নাম 'মৃত্যু' আমি ভালোবাসি তায়।" তাৎপর্য ব্যাখ্যা করো।

(জ) 'সুরবালা' কবিতাটিতে বিহারীলাল চক্রবর্তী উদাস সুররূপসীর যে বিবরণ দিয়েছেন তা সংক্ষেপে উল্লেখ করো।

৪। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) পঞ্চবটী বনের প্রাকৃতিক পরিবেশে রাম-লক্ষ্মণ ও সীতার যে জীবনযাপনের চিত্র পাওয়া যায় তা আলোচনা করো।

(খ) 'মেঘনাদবধ কাব্য' রচনার ক্ষেত্রে চতুর্থ সর্গের উপযোগিতা সম্পর্কে তোমার সুচিন্তিত মতামত তুলে ধরো।

(গ) 'মেঘনাদবধ কাব্য'-এর পাঠ্য অংশ অবলম্বনে 'সীতা ও সরমা' প্রসঙ্গটি বিশ্লেষণ করো।

(ঘ) বঙ্কিমচন্দ্রের 'মনুষ্য ফল' রচনার নামকরণের সার্থকতা বিচার করো।

(ঙ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'বিড়াল' প্রবন্ধে যে সমাজদৃষ্টি প্রতিফলিত হয়েছে তা বিশ্লেষণ করো।

(চ) 'হুতোম প্যাঁচার নক্‌শা'র অন্তর্গত 'কলকাতার চড়ক পার্ব্বণ' অংশে বর্ণিত সমকালীন জীবনধারার যে চিত্র ফুটে উঠেছে তার উপর সংক্ষেপে আলোকপাত করো।

(ছ) তোমার পঠিত অংশ অনুসারে 'হুতোম প্যাঁচার নক্‌শা'য় বর্ণিত নক্‌শা জাতীয় রচনার বৈশিষ্ট্য আলোচনা করো।

(জ) 'শ্রাবণে' কবিতায় বর্ষার বিষণ্ণ-মাধুরী চিত্রণে কবির কৃতিত্ব বিচার করো।

(ঝ) 'স্বাধীনতা-সঙ্গীত' কবিতায় রাজপুত জাতির বীরত্বগাথা কীভাবে ফুটে উঠেছে আলোচনা করো।

(ঞ) 'মধ্যাহ্ন' কবিতার বিষয়বস্তু অবলম্বনে এর অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

★ ★ ★